



জনতা ব্যাংক লিমিটেড

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

প্রধান কার্যালয়

১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০।

‘চিফ ল’ অফিসার’ পদে নিয়োগ বিজ্ঞপ্তি

জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়ের আইন বিভাগে দায়িত্ব পালনের লক্ষ্যে নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও শর্তাধীনে ডিজিএম পদমর্যাদায় চুক্তিভিত্তিক একজন ‘চিফ ল’ অফিসার’ নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১। শিক্ষাগত যোগ্যতা	:	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) ডিগ্রিধারী হতে হবে। একাডেমিক কোনো পরীক্ষায় অন্তত ১ টি প্রথম শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। কোনো তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
২। বয়স	:	প্রার্থীর বয়স সর্বনিম্ন ৫০ সর্বোচ্চ ৬০ বছর; ৬৫ বছর বয়সে চাকরির অবসান।
৩। পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	:	(ক) আইন পেশায় ১২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে হাইকোর্টে কমপক্ষে ৭ বছর কাজের অভিজ্ঞতা; অথবা অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজগণ আবেদন করতে পারবেন এবং তাঁদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য; (খ) ব্যাংক কোম্পানী আইন, ব্যবসা-বাণিজ্য ও ব্যাংক সংশ্লিষ্ট বিভিন্ন আইন, চুক্তি আইন, সম্পত্তি হস্তান্তর আইন, অর্থ ঋণ আদালত আইন, এন্টি-মানিলান্ডারিং আইন ইত্যাদিসহ দেশে প্রচলিত অন্যান্য আইন বিষয়ে দক্ষতা/অভিজ্ঞতা থাকতে হবে; (গ) বাংলাদেশ বার কাউন্সিল হতে সনদপ্রাপ্ত হতে হবে; (ঘ) বার-এট-ল’/আইন বিষয়ে পিএইচডি ডিগ্রিধারী অথবা প্রার্থী কোনো ব্যাংকে আইন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করে থাকলে, তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে;
৪। চাকরির ধরণ	:	চাকরির ধরণ হবে সার্বক্ষণিক। প্রাথমিকভাবে ০২(দুই) বছরের জন্য নিয়োগ দেয়া হবে। পরবর্তীতে সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।
৫। বেতন-ভাতাদি	:	আলোচনা সাপেক্ষে।
৬।	:	উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, নাগরিকত্ব/জাতীয় পরিচয়পত্র ইত্যাদির ফটোকপি, ৩ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ পূর্ণ জীবন বৃত্তান্ত উল্লেখপূর্বক আবেদনপত্র আগামী ৩১-০১-২০১৯ তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, হিউম্যান রিসোর্সেস ডিভিশন, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এর বরাবরে ডাক/কুরিয়ারযোগে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, আগ্রহী প্রার্থীগণ সরাসরি ব্যাংকে এসে হাতে হাতেও আবেদনপত্র জমা দিতে পারবেন।
৭।	:	আবেদনকারী প্রার্থীগণের মধ্য হতে যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে স্বল্প সংখ্যক প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করা হবে। এছাড়াও বিজ্ঞপ্তির শর্তাবলি সংশোধন/পরিমার্জনসহ সম্পূর্ণ বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

শহীদুল ইসলাম
জেনারেল ম্যানেজার (এইচআর)